

কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রত্যাহার

গণিতের ১ম ও ২য় পত্রের পরীক্ষা বাতিল

গত রাতে সরকারী তথ্য বিবরণীতে বলা হয়, কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯০ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার যথাক্রমে ২৬শে জুলাই এবং ২৮শে জুলাই তারিখের

পূর্বাঙ্কে অনুষ্ঠিত গণিত প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা অনিবার্য কারণবশতঃ বাতিল ঘোষণা করা হইয়াছে। গণিত বিষয়ের ঐ পরীক্ষা যথাক্রমে আগামী ১১ই আগস্ট (১০ম পূঃ দ্রঃ)

পরীক্ষা বাতিল

(১ম পূঃ পত্র)

(শনিবার) প্রথম পত্র এবং ১২ই আগস্ট (রোববার) দ্বিতীয় পত্র (পূর্বাঙ্কে সকাল ১০টা হইতে বিকাল ১টা) অনুষ্ঠিত হইবে। পরীক্ষাধিগণ যু.যু. পরীক্ষা কেন্দ্রে উক্ত বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করিবে।

অপর এক তথ্য বিবরণীতে বলা হয়, কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার দুইটি বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হওয়ায় সরকার গভীরভাবে উদ্বেগিত। প্রশ্নপত্র ফাঁসের এই দুঃখজনক ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের লক্ষ্যে খুঁজিয়া বাহির করার জন্য পুলিশের তৎপরতা অব্যাহত রাখিয়াছে। ঘটনার সাথে জড়িত সন্দেহে ইতিমধ্যে দুই ব্যক্তিকে গ্রেফতার করা হইয়াছে।

প্রশাসনিক ব্যবস্থার প্রাথমিক পদক্ষেপ হিসাবে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে বোর্ড হইতে প্রত্যাহার করা হইয়াছে।

৭

103